

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শাখা-বাজেট  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৪.২০.০০৫.১৭-২৬৬

তারিখঃ ১৪ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ  
২৯ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ অর্থবছরে পরিচালন বাজেটে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের অধীন শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের জন্য বিশেষ মঞ্জুরী হিসেবে বরাদ্দকৃত অর্থ উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের মধ্যে স্বচ্ছ ও সুষ্ঠুভাবে বিতরণের লক্ষ্যে ইতোমধ্যে একটি নীতিমালা জারি করা হয়েছে। নীতিমালাটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সকল জেলা প্রশাসক ও জেলা শিক্ষা অফিসার বরাবরে বিতরণসহ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ([www.shed.gov.bd](http://www.shed.gov.bd)) দেয়া হয়েছে। উক্ত নীতিমালা অনুযায়ী নিম্নে বর্ণিত শর্তে শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-শিক্ষিকা এবং ছাত্র-ছাত্রীদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে:

- (ক) দেশের সকল স্বীকৃতিপ্রাপ্ত/এম.পি.ও.ভুক্ত বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের মেরামত ও সংস্কার, আসবাবপত্র তৈরী, খেলাধুলার সরঞ্জাম, প্রতিষ্ঠানকে প্রতিবন্ধী বান্ধব করাসহ পাঠাগারের উন্নয়ন কাজের জন্য মঞ্জুরীর আবেদন। শিক্ষা প্রতিষ্ঠান বাছাইয়ের ক্ষেত্রে অনগ্রসর এলাকার অস্বচ্ছল শিক্ষা প্রতিষ্ঠান অথচ লেখা পড়ার মান ভাল এরূপ প্রতিষ্ঠান-কে অগ্রাধিকার প্রদান করা হবে;
- (খ) বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণ তাঁদের দুরারোগ্য ব্যাধি ও দৈব দুর্ঘটনার জন্য মঞ্জুরীর আবেদন করতে পারবেন;
- (গ) সরকারি বা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীবৃন্দ দুরারোগ্য ব্যাধি, দৈব দুর্ঘটনা এবং শিক্ষা গ্রহণ কাজে ব্যয়ের জন্য আবেদন করতে পারবে। তবে এ বিশেষ মঞ্জুরী প্রদানের ক্ষেত্রে দুস্থ, প্রতিবন্ধী, অসহায়, রোগগ্রস্থ, গরীব, মেধাবী, অনগ্রসর সম্প্রদায়ের ছাত্র-ছাত্রীদের অগ্রাধিকার প্রদান করা হবে;
- (ঘ) উক্ত খাতে মঞ্জুরী/অনুদান প্রাপ্তির নিমিত্ত অগ্রহী শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক এবং ছাত্র-ছাত্রীকে আগামী ১ ফেব্রুয়ারি ২০২০ হতে ২৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওয়েব সাইটে ([www.shed.gov.bd](http://www.shed.gov.bd)) শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-শিক্ষিকা ও ছাত্র-ছাত্রীদের আর্থিক সাহায্যের আবেদন ফরম বাটনে ক্লিক করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না;
- (ঙ) স্কুল কলেজের শিক্ষার্থীর ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ক্ষেত্রে বিভাগীয় প্রধানের প্রত্যয়ন অবশ্যই সংযুক্ত করতে হবে;
- (চ) শিক্ষক-শিক্ষিকা ক্যাটাগরিতে আবেদনের ক্ষেত্রে চিকিৎসা সংক্রান্ত যাবতীয় ডাক্তারী সনদ অবশ্যই সংযুক্ত করতে হবে;
- (ছ) শিক্ষা প্রতিষ্ঠানের আবেদনের ক্ষেত্রে ম্যানেজিং কমিটি/গর্ভনিং বডি'র প্রত্যয়নপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে;
- (জ) আবেদনের কোন হার্ডকপি গ্রহণ করা হবে না।

(মোঃ ফজলুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন- ৯৫১২২০৫

email-moebudgetsection@gmail.com

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৪.২০.০০৫.১৭-০৫

তারিখ: ২২ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ  
০৬ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।
- ৩। উপসচিব (বাজেট অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ..... (সকল)।
- ✓ ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। জেলা শিক্ষা অফিসার, ..... (সকল)।
- ৮। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোঃ ফজলুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব

☎ ৯৫১২২০৫

E-mail:moebudgetsection@gmail.com